

তুমি আসবে বলেই ভূখন্ডটা জেগে ছিলো

কাইউম পারভেজ

তুমি আসবে বলেই ভূখন্ডটা জেগে ছিলো
তুমি আসবে বলেই ভূখন্ডটা দেশ হলো
তুমি আসবে বলেই দেশটা বাংলা হলো
তুমি মুজিব বলেই দেশটা স্বাধীন হলো।

তুমি ছিলে বলেই পড়শী সেনারা স্বদেশ গেলো
তুমি ছিলে বলেই গোলকে দেশটার স্থান হলো
তুমি ছিলে বলেই সবার একটা 'সবুজ সাথী' হলো
তুমি ছিলে বলেই আমার মনে স্বপ্ন জেগেছিলো।

তুমি চলে গেলে - আমার স্বপ্নটা উধাও হলো
তুমি চলে গেলে - তোমার ডেরা 'কাউয়া'-য় ভরে গেলো
তুমি চলে গেলে - ভূখন্ডটা পিতৃহীন হয়ে গেলো
তুমি চলে গেলে -আমার সুনীল আকাশ মেঘলা হয়ে গেলো

কেন এলে!
কেন ছিলে!!
কেন গেলে!!!

